

শুধু মুখে “লা- ইলা-হা ইল্লাল্লা-হ” বললেই কি মুছলমান হওয়া যাবে?

“لا اله الا الله” এই কালিমাটি শুধু মুখে উচ্চারণ করলেই মুছলমান হওয়া যায় না, কিংবা শির্কমুক্ত হওয়া যায় না। মুনাফিকরা তাওহীদের এই বাক্য বা কালিমাটি মুখে স্বীকার করতো, কিন্তু এতদসত্ত্বেও তাদের ঠিকানা হলো জাহান্নামের সর্বনিকৃষ্ট স্তরে। কেননা তারা এ কালিমাকে অন্তর দিয়ে বিশ্বাস করেনি এবং এর দাবি ও চাহিদানুযায়ী ‘আমাল করেনি।

ইয়াহুদীরাও এ কালিমাটি মুখে স্বীকার করত, কিন্তু অন্তর দিয়ে বিশ্বাস এবং এ কালিমাহর দাবি ও চাহিদানুযায়ী ‘আমাল না করার কারণে তারা জঘন্যতম কাফির-মুশরিক বলে পরিগণিত।

এই উম্মাতের মধ্যেও যারা বিভিন্নভাবে অলী-আউলিয়া, জিন, কুব্বর, গাছ-পালা ইত্যাদি; গায়রুল্লাহর (আল্লাহ ছাড়া অন্য কিছু) উপাসনা করে থাকে, তাদের অবস্থাও মুনাফিক ও ইয়াহুদীদের মতই। কেননা যদিও তারা মুখে “লা- ইলা-হা ইল্লাল্লা-হ” স্বীকার করছে তবে কথায়, কাজে ও অন্তরে তারা এই কালিমাতুশ্ শাহাদাহ্’র তথা তাওহীদের এই বাক্যটির সুস্পষ্ট বিরোধিতা করছে। তাই মুছলমান হতে হলে মুখ দিয়ে স্বীকার করার সাথে সাথে এই কালিমাহর সাতটি শর্ত (কোন কোন ‘উলামায়ে কিরাম বলেছেন আটটি শর্ত) একত্রে; একই সাথে পূরণ করতে হবে। তা হলেই কেবল প্রকৃত অর্থে মুছলমান হওয়া যাবে।